# বিশ্ব স্বাস্থ্য সংস্থা থেকে আনুষ্ঠানিকভাবে সরে দাঁড়াল যুক্তরাষ্ট্র




সংগৃহীত ছবি

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) থেকে আনুষ্ঠানিকভাবে নিজেদের প্রত্যাহারের সিদ্ধান্ত কার্যকর করেছে যুক্তরাষ্ট্র। শুক্রবার প্রকাশিত বিবিসির এক প্রতিবেদনে জানানো হয়, দীর্ঘদিন ধরে সংস্থাটির অন্যতম প্রধান অর্থদাতা ও প্রভাবশালী সদস্য থাকা দেশটি এখন আর ডব্লিউএইচও'র কার্যক্রমে যুক্ত থাকবে না।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর আগে এক নির্বাহী আদেশের মাধ্যমে এই সিদ্ধান্তের ভিত্তি তৈরি করেছিলেন। কোভিড মহামারির সময় ডব্লিউএইচও'র ভূমিকা নিয়ে, বিশেষ করে চীনকে ঘিরে সংস্থাটির অবস্থান সম্পর্কে, তিনি প্রকাশ্যে অসন্তোষ জানান। পরে মার্কিন স্বাস্থ্য ও মানবসেবা বিভাগ এক বিবৃতিতে জানায়, সদস্যদেশগুলোর রাজনৈতিক প্রভাব এবং সংস্থার কার্যক্রমে স্বচ্ছতার ঘাটতির অভিযোগের প্রেক্ষিতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

তবে যুক্তরাষ্ট্রের অভিযোগ সরাসরি নাকচ করেছে ডব্লিউএইচও। সংস্থাটির মহাপরিচালক টেড্রোস আধানম গেব্রিয়েসুস বলেন, এমন সিদ্ধান্ত শুধু যুক্তরাষ্ট্রের জন্য নয়, বৈশ্বিক স্বাস্থ্য নিরাপত্তার ক্ষেত্রেও বিরূপ প্রভাব ফেলতে পারে। তিনি আন্তর্জাতিক সহযোগিতার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে বলেন, বৈশ্বিক সংকট মোকাবিলায় ঐক্যবদ্ধ প্রচেষ্টার বিকল্প নেই।

LENS ASIA